**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৮-২৭২

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৫
০৩ মে ২০১৮

# পরিপত্র-৯

**বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে নির্বাচনি দ্রব্যাদি বিতরণ, ব্যালট বাক্সের ব্যবহার, মোবাইল ফোনের ব্যবহার, ভোটদান পদ্ধতি, ভোটদানের পরবর্তী করণীয় ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন-এর মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে এ পরিপত্রে প্রদত্ত কতিপয় নিম্নলিখিত নিদের্শাবলীর প্রতি দৃষ্টি রাখতে হবে।

০২। **ভোটকেন্দ্রে ব্যবহৃত নির্বাচনি দ্রব্যাদিঃ** ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রে যে সমস্ত ফরম, প্যাকেট, ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি সামগ্রীর প্রয়োজন হবে এর একটি তালিকা পরিশিষ্ট 'ক'-তে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে স্মর্তব্য যে, ভোটগ্রহণকারী কর্মকর্তাগণকে যথাসময়ে নির্বাচনি সামগ্রী সরবরাহ করা খুবই গুরুত্বপূর্ণ এবং সুষ্ঠুভাবে নির্বাচনি সামগ্রী ভোটকেন্দ্রে সরবরাহের উপর সুষ্ঠু নির্বাচন পরিচালনা একান্তভাবে নির্ভরশীল। সুতরাং সংশ্লিষ্ট ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ যাতে নির্বাচনি সামগ্রী যথাযথভাবে গ্রহণ করে সুষ্ঠুভাবে কাজে লাগান সে বিষয়ে আপনাকে সতর্ক দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

০৩। **ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রবাদি সরবরাহঃ** যে সমস্ত নির্বাচনি সামগ্রী প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রে ব্যবহার করবেন এগুলোর বিবরণী ও এই পরিপত্রের পরিশিষ্ট 'ক' -এ উল্লেখ রয়েছে। নির্বাচনে ব্যবহৃতব্য ব্যালট পেপার, ফরম, প্যাকেট ও অন্যান্য নির্বাচনি সামগ্রী গ্রহণ এবং ভোটকেন্দ্রে পরিবহনের জন্য উপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি সামগ্রীসহ প্রিজাইডিং অফিসার ও অন্যান্য ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ ভোটকেন্দ্রে প্রেরণের ব্যবস্থা করতে হবে।

০৪। **ব্যালট পেপার যাচাইকরণঃ** ভোটকেন্দ্রে নিয়োজিতব্য আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা অনুসারে তাদের স্ব স্ব নাম, নির্বাচনি প্রতীক সহযোগে পদভিত্তিক ভোটার সংখ্যা অনুযায়ী ব্যালট পেপার মুদ্রিত হয়েছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে যাচাই করে দেখতে হবে। মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও বরাদ্দকৃত প্রতীকের সাথে ছাপানো নাম ও নির্বাচনি প্রতীক যাচাই করতে হবে। কোন ত্রুটি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করে সংশোধন করে নিতে হবে। এই বিষয়ে আরও স্মর্তব্য যে, ব্যালট পেপার ও অন্যান্য ফরম, প্যাকেট এবং নির্বাচনি সামগ্রী সংগ্রহের সময় ভোটকেন্দ্রের চাহিদা অনুসারে যাচাই করে নিতে হবে।

০৫। **ব্যালট পেপারসহ বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষাঃ** ব্যালট পেপার এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্বমুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে। ব্যালট পেপারসমূহ আপনি নিরাপদ স্থানে রাখতে হবে। সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের কোড নম্বরের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করতে হবে।

০৬। **ভোটকক্ষে স্বচ্ছ ব্যালট বাক্স সরবরাহঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৮ বিধি অনুসারে প্রতিটি ভোটকক্ষের জন্য একটি স্বচ্ছ ব্যালট বাক্স এবং ভোটকেন্দ্র প্রতি অতিরিক্ত একটি স্বচ্ছ ব্যালট বাক্স সরবরাহ করবেন। অর্থাৎ আপনি প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে যতটি স্বচ্ছ ব্যালট বাক্স ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন ততটি স্বচ্ছ ব্যালট বাক্স সরবরাহ করতে হবে। এই উদ্দেশ্যে একটি ভোটকেন্দ্রে দিতে হবে কয়টি ব্যালট বাক্স সরবরাহ করা হবে তা পূর্বেই নির্ধারণ করে নিতে হবে। একই সাথে তাকে এই মর্মে নির্দেশ দিতে হবে যে, প্রতিটি ভোটকক্ষে এক সংগে একটির বেশি স্বচ্ছ ব্যালট বাক্স ভোটগ্রহণের জন্য সরবরাহ করা যাবে না। তবে ভোট প্রদানের ফলে কোন স্বচ্ছ ব্যালট বাক্স পূর্ণ হলে প্রিজাইডিং অফিসার উক্ত ভোটকক্ষের জন্য পদ্ধতিগতভাবে আরেকটি ব্যালট বাক্স সরবরাহ করবেন।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৭। **ব্যালট বাক্স সম্পর্কে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/এজেন্টদের নিশ্চিত হওয়াঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৮ বিধির ৩ উপ-বিধি অনুসারে ভোটগ্রহণ শুরু হওয়ার অন্তত আধ ঘণ্টা পূর্বে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাদের নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্টগণকে ভোটগ্রহণের জন্য ব্যবহৃত প্রতিটি ব্যালট বাক্স খালি রয়েছে বলে নিশ্চিত করবেন এবং খালি ব্যালট বাক্সটি উল্লিখিত ব্যক্তিগণকে প্রদর্শনের পর এজেন্টগণ স্বচ্ছ ব্যালট বাক্সের নম্বর ও সিল নম্বর লিখে রাখার পর নির্ধারিত পদ্ধতিতে সিল/লক করে ব্যালট বাক্সটি এমন স্থানে রাখবেন যাতে এটি উপস্থিত প্রার্থী, নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের দৃষ্টি সীমার মধ্যে থাকে এবং সেখানে ভোটারগণ সহজে পৌঁছাতে পারেন।

০৮। **পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্টের মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধঃ** প্রিজাইডিং অফিসার এবং ভোটকেন্দ্রের নিরাপত্তায় নিয়োজিত আইন-শৃঙ্খলা বাহিনীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ ভোটকেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। উক্ত কর্মকর্তাগণও নির্বাচনি কার্যক্রম বা অতীব গুরুত্বপূর্ণ প্রয়োজন ব্যতিরেকে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দিতে হবে।

০৯। **ভোটারগণকে ব্যালট পেপার প্রদানঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৩৩ বিধি অনুসারে ভোটকেন্দ্রে কোন ভোটার ভোট দিতে উপস্থিত হলে প্রিজাইডিং অফিসার ভোটারের পরিচয় সম্পর্কে নিশ্চিত হয়ে তাঁকে মেয়র নির্বাচনের জন্য একটি, সংরক্ষিত আসনের কাউন্সিলর নির্বাচনের জন্য একটি এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের জন্য একটি অর্থাৎ মোট তিনটি ব্যালট পেপার দিবেন। এই প্রসংগে নিশ্চিত হতে হবে যে, প্রত্যেক ভোটকেন্দ্রের জন্য যে সংখ্যক ভোটার নির্ধারণ করা হয়েছে, তিন প্রকারের তত সংখ্যক ব্যালট পেপার প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করতে হবে। অনুরূপভাবে প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের জন্য ভোটার সংখ্যা যত, ততটি ব্যালট পেপার ভোটকেন্দ্রের জন্য মজুদ রয়েছে সেই বিষয়ে ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে নিশ্চয়তা বিধানের জন্য প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে নির্দেশ দিতে হবে।

১০। **অফিসিয়াল সিলের কোড মার্ক সংরক্ষণঃ** প্রত্যেক অফিসিয়াল সিলমোহরে পৃথক পৃথক গোপনীয় নিরাপত্তামূলক চিহ্ন (কোড মার্ক) রয়েছে। যে ভোটকেন্দ্রে যে গোপনীয় নিরাপত্তামূলক চিহ্ন সম্বলিত সিলমোহর বরাদ্দ করা হয়েছে তা সনাক্ত করার জন্য এবং নিরাপত্তার সুবিধার্থে প্রত্যেক সিলমোহরের নমুনা গোপনীয়ভাবে সাদা কাগজে লিপিবদ্ধ করতে হবে। উল্লিখিত গোপনীয় নিরাপত্তামূলক চিহ্ন সম্বলিত সিলমোহর ভোটকেন্দ্রভিত্তিক বিতরণের হার এবং ভোটকেন্দ্রভিত্তিক কোড নম্বরসমূহ লিপিবদ্ধ করার জন্য একটি গোপনীয় রেজিস্টার নিরাপত্তা সহকারে সংরক্ষণ করতে হবে।

১১। **ভোটার তালিকা ও ব্যালট বাক্সঃ** ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কাজে ব্যবহারের জন্য প্রিজাইডিং অফিসারগণকে এক কপি ছবিসহ ভোটার তালিকা সরবরাহ এবং অন্যান্য কাজে ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার কপি মুদ্রণের ব্যবস্থা ও সংগ্রহ করতে হবে। ভোটগ্রহণের জন্য সিটি কর্পোরেশনের জন্য প্রয়োজনীয় সংখ্যক হালনাগাদকৃত ছবিসহ ভোটার তালিকা সংশ্লিষ্ট সকল ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসারদের ব্যবহারের জন্য সংগ্রহ করবেন। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে এবং জেলা নির্বাচন অফিসারগণের কার্যালয়ে রক্ষিত সিলসহ স্বচ্ছ ব্যালট বাক্সগুলো ভোটগ্রহণের উপযোগী করে প্রতিটি ভোটকেন্দ্রের প্রয়োজন অনুসারে সরবরাহ করতে হবে।

১২। **ভোটকেন্দ্রের তালিকা ব্যাপকভাবে প্রচারঃ** গাজীপুর ও খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রকাশিত ভোটকেন্দ্রের তালিকাটি স্থানীয়ভাবে সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ব্যাপকভাবে করতে হবে। নির্বাচন কমিশন কর্তৃক সরকারি গেজেটে প্রকাশিত চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকার ভিত্তিতে ভোটগ্রহণের ব্যবস্থা করতে হবে।

১৩। **ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত প্রতিষ্ঠানসমূহ ব্যবহারঃ** ভোটকেন্দ্রে হিসেবে ব্যবহারের জন্য সরকারি গেজেটে প্রকাশিত যে সকল প্রতিষ্ঠানের নাম রয়েছে সেই সকল প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারী/প্রধানদেরকে তাদের প্রতিষ্ঠান ব্যবহার এবং তাদের প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ যাতে নির্বাচনি কাজে ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদান করেন সেই জন্য অনুরোধ জানাতে হবে।

১৪। **নির্বাচনি মালামাল চটের থলিতে সংরক্ষণঃ** ভোটকেন্দ্রে বিভিন্ন প্রকার নির্বাচনি সামগ্রী বহনের জন্য নির্বাচন কমিশন হতে দুই প্রকারের চটের থলি (গ্যানি ব্যাগ) সরবরাহ করা হবে। ছোট চটের থলিতে অফিসিয়াল সিলমোহর, মার্কিং সিল, ব্রাস সিল, স্ট্যাম্প প্যাড ইত্যাদি রাখতে হবে এবং বড় চটের থলিতে ব্যবহৃত ব্যালট পেপার ও নির্বাচনি কাগজপত্রাদি বিধি অনুযায়ী রাখতে হবে। সুতরাং প্রিজাইডিং অফিসারকে উক্তরূপ ছোট চটের থলিতে অফিসিয়াল সিলমোহর, মার্কিং সিল, ব্রাস সিল, স্ট্যাম্প প্যাড রাখতে এবং বড় চটের থলিতে ব্যবহৃত ব্যালট পেপার ও বিধিতে বর্ণিত নির্বাচনি কাগজপত্রাদি রাখতে নির্দেশ দিতে হবে। বিধিমালার ৪০ বিধিতে বর্ণিত কাগজপত্র ও দ্রব্যাদিপূর্ণ সিলগালাকৃত প্যাকেটসমূহ বড় চটের থলিতে সযত্নে সিলগালা করে

রাখতে হবে। নির্ধারিত সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অথবা নির্বাচনি মোকদ্দমা দায়ের হলে নির্বাচনি ট্রাইব্যুনালের আদেশ ছাড়া কিংবা নির্বাচনি মোকদ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উল্লিখিত প্যাকেট খোলা যাবে না।

১৫। **স্থানীয়ভাবে ক্রয় করার জন্য নির্বাচনি সামগ্রীঃ** যে সমস্ত নির্বাচনি সামগ্রী স্থানীয়ভাবে রিটার্নিং অফিসার কর্তৃক ক্রয় করে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারগণকে সরবরাহ করতে হবে তা পরিশিষ্ট-'ক' এর ৪র্থ ভাগে উল্লেখ করা হয়েছে। এই সমস্ত নির্বাচনি সামগ্রী ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ নির্বাচন কমিশন হতে আপনাকে বরাদ্দ করা হবে। তবুও কোন ঘাটতি দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন হতে অথবা নির্দেশনা মোতাবেক অন্য কোনভাবে দ্রুততার সাথে সংগ্রহ করতে হবে।

১৬। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

৩/৫/২০১৮

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
ও
রিটার্নিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৮-২৭২

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৫
০৩ মে ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা/খুলনা রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৬. জেলা প্রশাসক, গাজীপুর/খুলনা

১৭. পুলিশ সুপার, গাজীপুর/খুলনা

১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২০. জেলা নির্বাচন অফিসার, .........................(সংশ্লিষ্ট)

২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর/খুলনা

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..............................................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৬. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,.........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা.........................(সংশ্লিষ্ট) থানা।

০৮.০৫.১৮

(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
০১৮১৭৬৭৫১৭৩ (মোবাইল)
E-mail: forhadhossain_ecs@yahoo.com

**পরিশিষ্ট-ক**

**সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটগ্রহণের জন্য প্রত্যেক ভোটকেন্দ্রে প্রয়োজনীয় নির্বাচনি সামগ্রীর প্রয়োজন হবে তার তালিকা**

**১ম ভাগ–নির্বাচনি দ্রব্যাদি**

(নির্বাচন কমিশন সচিবালয় অথবা রিটার্নিং অফিসার কর্তৃক সরবরাহকৃত)

| ক্রম | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | সিল(লক)সহ স্বচ্ছ ব্যালট বক্স | প্রতি ভোটকক্ষের জন্য সিলসহ ০১টি স্বচ্ছ ব্যালট বাক্স এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য সিলসহ অতিরিক্ত ০১টি স্বচ্ছ ব্যালট বাক্স |
| (২) | ছবিসহ ভোটার তালিকা | প্রতি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট এলাকার ০১ কপি |
| (৩) | অমোচনীয় কালির কলম | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি কলম এবং প্রতি ভোটকেন্দ্রের সবকয়টি ভোটকক্ষের জন্য অতিরিক্ত ০২টি |
| (৪) | অফিসিয়াল সিল (কোড মার্ক বা গোপন চিহ্ন সম্বলিত) | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০১টি |
| (৫) | মার্কিং সিল (ভোটার কর্তৃক ব্যালট পেপার চিহ্নিতকরণের জন্য) | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০৫টি |
| (৬) | গালা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২০০ গ্রাম ওজনের ০১ প্যাকেট |
| (৭) | সিল গালা করার জন্য পিতলের সিল (ব্রাস সিল) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৮) | স্ট্যাম্প প্যাড | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য অতিরিক্ত ০১টি |
| (৯) | চটের বড় থলি (ভোটকেন্দ্রের নির্বাচনি সামগ্রী বহনের জন্য) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (১০) | চটের ছোট থলি (অফিসিয়াল সিল, মার্কিং সিল, পিতলের সিল, স্ট্যাম্প প্যাড, অমোচনীয় কালির কমল ইত্যাদি ভর্তি করে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট আলাদাভাবে ফেরত প্রদানের জন্য) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |

## ২য় ভাগ–ফরমসমূহ

(নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সরবরাহকৃত)

| ক্রম | ফরম নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | ফরম-ছ | মেয়র নির্বাচনের ব্যালট পেপার | সিটি কর্পোরেশনের ভোটার সংখ্যার সম সংখ্যক ব্যালট পেপার |
| ২) | ফরম ছ-১ | সংরক্ষিত আসনের কাউন্সিলর নির্বাচনের ব্যালট পেপার | সংশ্লিষ্ট সংরক্ষিত ওয়ার্ডের ভোটার সংখ্যার সম সংখ্যক ব্যালট পেপার |
| ৩) | ফরম ছ-২ | সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের ব্যালট পেপার | সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ডের ভোটার সংখ্যার সম সংখ্যক ব্যালট পেপার |
| ৪) | ফরম-জ | নির্বাচনি এজেন্ট নিয়োগ | প্রতি সিটি কর্পোরেশনের জন্য ৫০০টি করে |
| ৫) | ফরম-জ-১ | পোলিং এজেন্ট নিয়োগ | প্রতি সিটি কর্পোরেশনের জন্য ১০০০টি করে (ভোটকেন্দ্র-কক্ষ অনুসারে কম-বেশী হতে পারে) |
| ৬) | ফরম-জ-২ | পোলিং এজেন্টদের উপস্থিতির রেকর্ড | প্রতি ভোটকক্ষের জন্য ০২টি করে |
| ৭) | ফরম-ঝ | ইস্যুকৃত ও ব্যবহৃত ব্যালট বক্সের হিসাব | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি করে |
| ৮) | ফরম-ঞ | মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২৫টি করে |
| ৯) | ফরম ঞ-১ | সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২৫টি করে |
| ১০) | ফরম ঞ-২ | সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২৫টি করে |
| ১১) | ফরম-ট | মেয়র পদে ব্যালট পেপারের হিসাব বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ২৫টি করে |
| ১২) | ফরম-ট-১ | সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপারের হিসাব বিবরণী | প্রতি ভোটকেন্দ্রে ২৫টি করে |
| ১৩) | ফরম-ট-২ | সাধারণ আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপারের হিসাব বিবরণী | প্রতি ভোটকেন্দ্রে ২৫টি করে |

**বিশেষ দ্রষ্টব্যঃ** নির্বাচন কমিশন সচিবালয় হতে ফরম-ঞ, ঞ-১, ঞ-২, ঠ, ঠ-১, ঠ-২ ও ড সরবরাহ করা হবে না। এ সকল ফরম রিটার্নিং অফিসার নিজ কার্যালয়ে কম্পিউটারে প্রস্তুত করে সরবরাহ করতে হবে। নির্বাচনি এজেন্ট নিয়োগের ফরম-জ এবং পোলিং এজেন্টদের নিয়োগপত্র ফরম-জ-১ এর কপি প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে লিখিতভাবে প্রদান করতে হবে।

**৩য় ভাগ-প্যাকেটসমূহ**

(নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সরবরাহকৃত)

| ক্রমিক নং | প্যাকেট নম্বর | বিষয় | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্যাকেট-১ | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের পক্ষে প্রদত্ত বৈধ ব্যালট পেপারসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ৩০টি (প্রার্থী ভিত্তিক ১টি করে প্যাকেট) |
| ২ | প্যাকেট-২ | প্রার্থী ভিত্তিক বৈধ ও অবৈধ ব্যালট পেপার রাখার প্রধান প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১০টি |
| ৩ | প্যাকেট-৩ | অবৈধ (বাতিল) ব্যালট পেপারসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ৪ | প্যাকেট-৪ | গণনা বহির্ভূত অবৈধ ব্যালট পেপারসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ৫ | প্যাকেট-৫ | ইস্যুকৃত নহে এমন ব্যালট পেপারসমূহ (মুড়িপত্রসহ) রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ৬ | প্যাকেট-৬ | নষ্ট বাতিলকৃত ব্যালট পেপারসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |
| ৭ | প্যাকেট-৭ | চিহ্ন প্রদত্ত ভোটার তালিকার অনুলিপিসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৫টি |
| ৮ | প্যাকেট-৮ | ইস্যুকৃত ব্যালট পেপারের মুড়ি রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৬টি |
| ৯ | প্যাকেট-৯ | ব্যালট পেপারের হিসাব বিবরণী রাখিবার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ১০ | প্যাকেট-১০ | ভোটগণনার হিসাব বিবরণী রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৬টি |
| ১১ | প্যাকেট-১১ | সরকারি সিল মোহর, ভোট মার্কিং সিল এবং অন্যান্য দ্রব্যাদি রাখার জন্য প্যাকেট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৩টি |
| ১২ | বিশেষ খাম | বৈধ ভোটের বিবরণী সম্বলিত বিশেষ প্যাকেট/খাম | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০২টি |

**৪র্থ ভাগ–মনিহারী দ্রব্যাদি**
(স্থানীয়ভাবে ক্রয় বা সংগ্রহকৃত)

| ক্রমিক নং | নির্বাচনি দ্রব্যাদি | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | বল পয়েন্ট কলম | প্রত্যেক ভোটগ্রহণ কর্মকর্তার জন্য ০১টি এবং ভোটকেন্দ্র প্রতি অতিরিক্ত ০২টি |
| (২) | সাদা কাগজ | প্রতি ভোটকেন্দ্রের জন্য আধা দিস্তা |
| (৩) | কার্বন কাগজ | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১০টি শিট |
| (৪) | ছুরি | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৫) | সুঁই (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১টি |
| (৬) | সুতা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ছোট ০১ বল |
| (৭) | মোমবাতি (বড় সাইজ) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ছয়টির ০১ প্যাকেট |
| (৮) | দিয়াশলাই | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ প্যাকেট |
| (৯) | আলপিন | প্রয়োজন অনুসারে |
| (১০) | গামপট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ পট |
| (১১) | গ্লু/সুপার গ্লু | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০১ টি |
| (১২) | লোহা/প্লাস্টিক/বাঁশের পাত (মুড়িপত্র হতে ব্যালট পেপার পৃথক করার জন্য)। | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি |
| (১৩) | দেওয়ালপত্র (প্ল্যাকার্ড)<br>(ক) ''প্রবেশ'', ''বাহির''<br>(খ) ''ভোটকক্ষ নং ....... (পুরুষ)''<br>(গ) ''ভোটকক্ষ নং ....... (মহিলা)''<br>(ঘ) ''প্রিজাইডিং অফিসার''<br>''সহকারী প্রিজাইডিং অফিসার''<br>''পোলিং অফিসার'', ''পোলিং এজেন্ট'' | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

**৫ম ভাগ–আসবাবপত্র**
(ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক যে সকল আসবাবপত্র থাকতে হবে)

| ক্রমিক নং | আসবাবপত্র | পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | টেবিল | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ২ | চেয়ার | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |
| ৩ | বেঞ্চ | প্রতি ভোটকেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রতি ভোটকক্ষে ভোটারগণ যে মার্কিং প্লেসে ব্যালট পেপার চিহ্নিত করবেন তা কাপড়, চট, চাদর অথবা চাটাই বা অন্য কিছু দ্বারা তৈরি করা যেতে পারে। শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষে ব্ল্যাক বোর্ড বা পার্টিশন দ্বারা মার্কিং প্লেস তৈরি করা যাবে না। এ ব্যাপারে এটুকু নিশ্চয়তা বিধান করতে হবে যে, ভোটারগণ ব্যালট পেপার চিহ্নিত করার সময় কেউ যেন দেখতে না পায়। অর্থাৎ যাতে ভোটদানের গোপনীয়তা বজায় থাকে। গোপনে ব্যালট পেপার চিহ্নিত করার স্থানের আশে পাশে কোন জানালা উন্মুক্ত থাকলে কিংবা কোন দেয়াল/বেড়া ভগ্ন থাকলে তা ভোটগ্রহণ কার্যক্রমের পূর্বেই বন্ধ করে দিতে হবে। ব্যালট পেপার চিহ্নিত করার স্থানটিতে স্বাভাবিক আলো থাকতে হবে।